

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৩.২০২২. ৩৮২

তারিখ: ২২/০৫/২০২২ খ্রি.

বিষয়: সরকারি স্বরূপকাঠি কলেজ, নেছারাবাদ, পিরোজপুর এর ঝুঁকিপূর্ণ ৩ কক্ষ বিশিষ্ট একটি দ্বিতল ভবন অকেজো ঘোষণা এবং নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব অনুমোদন।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর স্মারক নং ৩৮৪, তারিখ: ২৮/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি স্বরূপকাঠি কলেজ, নেছারাবাদ, পিরোজপুর এর ঝুঁকিপূর্ণ ৩ কক্ষ বিশিষ্ট একটি দ্বিতল ভবন স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক নিলাম প্রাক্কলিত মূল্য ৫০,৯৯৩/১৩ (পঞ্চাশ হাজার নয়শত তিরানব্বই টাকা তেরো পয়সা মাত্র) নির্ধারণপূর্বক অকেজো ঘোষণা করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. জারিকৃত পরিপত্রের আলোকে বর্ণিত কলেজের ঝুঁকিপূর্ণ ৩ কক্ষ বিশিষ্ট একটি দ্বিতল ভবন অকেজো ঘোষণা এবং নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হলো।

- ০১। নিলামে বিক্রয়ের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত বিধিবিধান অনুসরণ করতে হবে।
- ০২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. জারিকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১১.৫.২২

(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ
সরকারি স্বরূপকাঠি কলেজ
নেছারাবাদ, পিরোজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। জেলা প্রশাসক, পিরোজপুর;
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ, পিরোজপুর;
- ০৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর;
- ০৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৬। সংরক্ষণ নথি।